Bengali

হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট-অতিরিক্ত অর্থ পরিশোধ এবং ঋণ এর ব্যাপারে একটি নির্দেশিকা।

(Housing Benefit and Council Tax Benefit – a guide to overpayments and debt)

এই লিফলেট অতিরিক্ত অর্থ পরিশোধ এবং ঋণ এর ব্যাপারটি ব্যাখ্যা করে। এটা জাতীয় আইন এবং যেখানেই বসবাস করুন না কেন এটা সমভাবে প্রযোজ্য। যদি কোন কাউন্সিলের এলাকার মধ্যে আপনি থাকছেন তা না জানেন তাহলে আপনার কাউন্সিল ট্যাক্স বিল দেখে সেটা জেনে নিন।

কোন অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) বলতে কি বুঝায়?

অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) হচ্ছে গৃহায়ন এবং/অথবা কাউন্সিল ট্যাক্স সুবিধা যা আপনাকে বা আপনার বাড়ির মালিককে পরিশোধ করা হয়েছে, কিন্তু ঐ পরিমাণ অর্থ সুবিধা আপনারা পেতে পারেন না। যদি আপনাদেরকে খুবই বেশী পরিমাণ অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) করা হয় তাহলে সাধারণভাবে অতিরিক্ত প্রদানকৃত অর্থ আপনাকে ফেরত দিতে হবে। এটাকে বলা হয় আদায়যোগ্য অতিরিক্ত অর্থ।

আদায়যোগ্য অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) কি?

সব অতিরিক্ত অর্থ পরিশোধই (ওভারপেমেন্ট) আদায়যোগ্য, তবে যদিনা সেটা 'অফিসের ভুলে' ঘটে থাকে এবং আপনাকে যখন তা পরিশোধ করা হয়েছিলো বা এই বেনিফিটের কথা বলা হয়েছিলো, সংগত কারণেই তখন তা আপনার জানার কথা ছিল না।

'দাপ্তরিক ত্রুটি' কি?

দাপ্তরিক ত্রুটি হচ্ছে লোকাল কাউন্সিল বেনিফিট সার্ভিস অথবা ঐ প্রতিষ্ঠানের পক্ষে কর্মরত কোন ব্যক্তির কারণে যে ত্রুটি ঘটে। এই প্রতিষ্ঠানগুলি হচ্ছে ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেনশনস ও জবসেন্টার প্লাস। যদি আপনি বা আপনার পক্ষের কোন লোকের যথাযথ তথ্য প্রদানে ব্যর্থতার কারণে বা কোন ভুল বা বিভ্রান্তিমূলক তথ্য প্রদানের কারণে ত্রুটি ঘটে তাহলে সেটা দাপ্তরিক ত্রুটি বলে বিবেচিত হবে না।

কেন অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) ঘটে?

বিভিন্ন কারণে এটা ঘটে। কয়েকটি উদাহরণ দেয়া হলঃ

- আপনার আয় বৃদ্ধির কথা আমাদেরকে জানাতে ভুলে যেতে পারেন, যেমন- বেতন বৃদ্ধি বা ট্যাক্স ক্রেডিট প্রদান বা পেনশনের ক্ষেত্রে পরিবর্তন।
- আপনার বাড়ি থেকে কেউ চলে যেতে পারেন বা নতুন কেউ আসতে পারেন।
- আপনার লোকাল কাউন্সিলকে না জানিয়ে আপনি বাড়ি থেকে চলে যেতে পারেন।
- আপনি কাজ শুরু করতে পারেন বা চাকরি পরিবর্তন করতে পারেন।
- আপনার সাথে বসবাসরত কোন সাবালক ব্যক্তির অবস্হার পরিবর্তন হতে পারে।

যে কোন পরিবর্তনের কথা আপনি অবশ্যই আপনার লোকাল কাউন্সিল বেনিফিট সার্ভিসকে জানাবেন এবং আপনার পক্ষে অন্য কেউ কাজ করে দেবেন এরকম ভরসা রাখবেন না। আপনি যদি ডি ডব্লিউ পি কে আপনার পরিবর্তনের সংবাদ বলেও থাকেন, তাহলেও আপনার লোকাল কাউন্সিলকে অবশ্যই জানাবেন এবং বিষয়টি তাদেরকে জানানোর দায়িত্ব ডি ডব্লিউ পি এর উপর ছেড়ে দেবেন না।

আমি কি করে জানবো যে আমার কোন অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) রয়েছে?

ওভারপেমেন্ট সংক্রান্ত বিষয়টির বিশদ বর্ণনা সম্বলিত একটি বিজ্ঞপ্তিপত্র আপনি পাবেন। চিঠিতে বলা থাকবে অতিরিক্ত অর্থ পরিশোধ ওভারপেমেন্ট কিভাবে ঘটেছে, কি পরিমাণ ওভারপেমেন্ট হয়েছে ও কোন সময় ওভারপেমেন্ট হয়েছে। এতে আরও উল্লেখ থাকবে ওভারপেমেন্ট কিভাবে আদায় করা হবে এবং ওভারপেমেন্ট বিষয়ে আপনি দ্বি-মত পোষণ করলে আপনাকে কি করতে হবে।

আমি অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) বিষয়ে দ্বি-মত পোষণ করলে কি করতে পারি?

আপনি প্রদত্ত ব্যাখ্যা পড়ার পরও যদি ওভারপেমেন্ট বিষয়ে দ্বি-মত পোষণ করেন তাহলে আপনি অবশ্যই আপনার লোকাল কাউন্সিলের বেনিফিট সেকশনকে লিখিতভাবে জানাবেন এবং আরও বিস্তারিত ব্যাখ্যা চাইবেন অথবা তাদের সিদ্ধান্ত পুনরায় পরীক্ষা করতে বলবেন। বিজ্ঞপ্তিপত্র পাওয়ার এক মাসের মধ্যে আপনাকে এটা জানাতে হবে।

আপনি যে সব বিষয় চ্যালেঞ্জ করতে পারেন তা হচ্ছেঃ

- ওভারপেমেন্ট আদায়যোগ্য কি না,
- কার নিকট থেকে এটা আদায় করা হবে,
- কিভাবে এটা নির্ধারিত হয়েছে,
- সঞ্চয় ও বিনিয়োগ হ্রাস (সঞ্চয় ও বিনিয়োগ বৃদ্ধির ফলে ওভারপেমেন্ট হয়ে থাকলে), এবং
- আপনার প্রাপ্তি হিসাব করার কাজে ভুল হয়ে থাকলে।

আপনি যেগুলো চ্যালেঞ্জ করতে পারবেন নাঃ

- আপনার লোকাল কাউন্সিল কর্তৃক ওভারপেমেন্ট আদায় করবে কি না, এবং
- আপনার লোকাল কাউন্সিল ওভারপেমেন্ট আদায়ে কি পদ্ধতি গ্রহণ করবে।

আমি কি আপিল করতে পারি?

আপনি যদি ব্যাখ্যায় বা পরিবর্তিত সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে আপনি আপিল করতে পারেন। আপিল লিখিত এবং আপনার স্বাক্ষরিত হতে হবে। আপনি পরিস্কার করে লিখবেন কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপিল করছেন এবং আপিলের কারণ কি।

আপনার আপিল আপনার লোকাল কাউন্সিলে পাঠিয়ে দেবেন (আপনার কাউন্সিল ট্যাক্স বিলে তাদের ঠিকানা আছে)। আপনি যে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবেন সেটা পাওয়ার এক মাসের মধ্যে আবেদন করতে হবে। ট্রাইব্যুনাল সার্ভিস পরিচালিত ট্রাইব্যুনালে আপনার আপিল শুনানি হবে এবং এটি লোকাল অথরিটির নিয়ন্ত্রণভুক্ত নয়।

আপনি আনুষ্ঠানিকভাবে ওভারপেমেন্ট বিষয়টি চ্যালেঞ্জ করতে পারেন যদি আপনি মনে করেন যে এটি ভুল। আপনি এ বিষয়ে আরও তথ্য পেতে পারেন বা সিদ্ধান্তের ব্যাখ্যা চাইতে পারেন।

ওভারপেমেন্ট কিভাবে আদায় করা হবে?

- আপনি যদি তখনও হাউজিং বেনিফিট পেতে থাকেন, তাহলে প্রতি সপ্তাহে আপনার বেনিফিট হ্রাস করে ওভারপেমেন্ট আদায় করা হতে পারে।
- আপনি যদি কাউন্সিলকে ভাড়া পরিশোধ করেন এবং আপনার বাড়ি ভাড়া ক্রেডিটভুক্ত হয় তাহলে এই ক্রেডিট ওভারপেমেন্ট আদায়ে ব্যবহার করা হতে পারে।
- আপনি যদি হাউজিং বেনিফিট না পেতে থাকেন, তাহলে আপনার লোকাল কাউন্সিল আপনাকে একটি ইনভয়েস বা বিল পাঠাতে পারেন এবং আপনাকে অর্থ পরিশোধের ব্যবস্থা করতে হবে।
- আপনার বাড়ির মালিককে যদি আপনার বেনিফিট দেয়া হয়, তাহলে কোন কোন অবস্থায় আপনার লোকাল কাউন্সিল এর বেনিফিট সেকশন বাড়ির মালিককে এই অর্থ পরিশোধের নির্দেশ দিতে পারেন।
- আপনার লোকাল কাউন্সিল ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেনশনকে ওভারপেমেন্ট আপনার সোসাল সিকিউরিটি বেনিফিট থেকে আদায় করতে নির্দেশ দিতে পারেন। আপনি যদি আপনার বাসস্থান ত্যাগ করে থাকেন সে ক্ষেত্রে অন্য কাউন্সিল আপনাকে যে হাউজিং বেনিফিট প্রদান করেন সেখান থেকে অর্থ আদায় করা হতে পারে।
- যদি অতিরিক্ত ওভারপেমেন্ট কাউন্সিল ট্যাক্স সুবিধার জন্য হয়ে থাকে তাহলে কাউন্সিল ওভারপেমেন্ট আপনার কাউন্সিল ট্যাক্স বিলের সাথে যোগ করতে পারেন। আপনার মাসিক কিস্তি বৃদ্ধি করে কাউন্সিল ট্যাক্স অফিস ওভারপেমেন্ট আদায় করবে।

কাউন্সিল আপনার কাউন্সিল ট্যাক্স থেকে হাউজিং বেনিফিটের ওভারপেমেন্ট বা হাউজিং বেনিফিট থেকে কাউন্সিল ট্যাক্স এর ওভারপেমেন্ট আদায় করবে না।

অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) কি হ্রাস করা যায়?

কোন কোন অবস্থায় আপনার ওভারপেমেন্ট হ্রাস করা যাবে যদি আপনি আপনার লোকাল কাউন্সিল বেনিফিট সার্ভিসকে ওভারপেমেন্ট পাওয়ার পুরো সময়ে আপনার সঠিক অবস্থা সম্পর্কে অবহিত করেন। ওভারপেমেন্ট

পাওয়াকালীন সময়ে যদি বেনিফিট প্রদান করা হয়ে থাকে তাহলে এটাকে বলা হবে আন্ডারলাইয়িং (অন্তর্নিহিত) ওভারপেমেন্ট। আপনার আন্ডারলাইয়িং প্রাপ্তির যোগ্যতা থাকলে, এটা অতিরিক্ত অর্থ পরিশোধ হ্রাস করার জন্য ব্যবহার করা হবে।

আপনার অবস্থান ব্যাখ্যা করতে আপনাকে একটা নতুন ফরম পূরণের জন্য নির্দেশ দেয়া হতে পারে এবং অন্তর্নিহিত প্রাপ্য নির্ধারণের আগে তা প্রমাণ করার জন্য প্রমাণ্য দলিল দেখাতে বলা হবে। এই সময়ের জন্য কোন প্রাপ্য থাকলে সেটা শুধু ওভারপেমেন্ট হ্রাস করার জন্য ব্যবহার করা হতে পারে, এটা কোন হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট নয়।

গৃহায়ন সুবিধা বা অর্থ পরিশোধ হ্রাস যদি আমার প্রদান ক্ষমতার অতিরিক্ত হয় তাহলে আমার কি করা উচিত?

আপনি যদি চান আপনার গৃহায়ন সুবিধা বা অর্থ পরিশোধ হতে যা কর্তন করা হচ্ছে সেটা পরিবর্তন করা দরকার তাহলে অবিলম্বে আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

কাউন্সিলের ট্যাক্স সুবিধার অতিরিক্ত অর্থ পরিশোধ (ওভারপেমেন্ট) যোগ করার কারণে কাউন্সিল ট্যাক্স কিস্তি পরিশোধে যদি আমি সমস্যার সম্মুখীন হই তাহলে আমাকে কি করতে হবে?

পরিশোধ করতে যদি আপনি সমস্যার সম্মুখীন হন তাহলে একটা ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনি আপনার লোকাল কাউন্সিলের সাথে অবশ্যই যোগাযোগ করবেন। যোগাযোগের ঠিকানা কাউন্সিল ট্যাক্স বিলে দেয়া আছে। আপনি যদি অর্থ পরিশোধ না করেন বা যোগাযোগ না করেন তাহলে আপনি কোর্ট অর্ডার পেতে পারেন বা কোন আইন কর্মকর্তা আপনার নিকট যেতে পারে। এতে আপনার ঋণের পরিমাণও বৃদ্ধি হতে পারে কারণ এর সাথে কোর্টের খরচ যোগ হবে।

যদি কাউন্সিল ইনভয়েস পাঠায় এবং আমি যদি একসাথে এগুলো পরিশোধ করতে না পারি তাহলে আমাকে কি করতে হবে?

আপনি যদি সম্পূর্ণ টাকা পরিশোধে অসমর্থ হন তাহলে পরিশোধ করার জন্য কিস্তির ব্যবস্থা করা যেতে পারে। কিস্তির ব্যবস্থা করার আগে আপনার আয় ও ব্যয়ের বিস্তারিত তথ্য দিতে হবে। পরিশোধের জন্য ব্যবস্থা করতে লোকাল কাউন্সিলের সাথে যদি যোগাযোগ না করেন তাহলে তারা কাউন্টি কোর্টে এই ঋণ নিবন্ধিকরণ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বলতে পারে। এটা আপনার বিরুদ্ধে কোর্ট অর্ডার দেয়ার মত একই পদক্ষেপ এবং এটা আপনার ক্রেডিট রেটকে প্রভাবিত করবে। এটা আপনার ঋণের পরিমাণকেও বৃদ্ধি করবে কারণ এর সাথে কোর্টের খরচ যোগ হবে।

আমার ঋণ সংক্রান্ত ব্যাপারে আমি কিভাবে সাহায্য পেতে পারি?

আপনি যাদের কাছে টাকা পান তাদের সাথে যোগাযোগ করে আপনি আপনার সমস্যার সমাধান করতে পারেন। আপনি সহায়তা চাইলে অনেক কোম্পানী আপনাকে সাহায্য করতে পারে। আপনি আপনার ঋণ পরিশোধ এড়াতে পারবেন না, সুতরাং একবারেই না দেয়ার চেয়ে বরং অল্প অল্প করে দেয়া ভালো। যদি সংস্থা আপনার পরিশোধ করার প্রস্তাব গ্রহণ না করে, তাহলে পরামর্শ নিন।

আপনি বহু সংস্থা পাবেন যারা আপনার ঋণ বিষয় সমাধানে সহায়তা দেবে। পক্ষপাতহীন পরামর্শের জন্য আপনি নিচের যে কোন সংস্থার সাথে যোগাযোগ করতে পারেনঃ

- **সিটিজেনস এ্যাডভাইস ব্যুরো** - এই সংস্থা আপনাকে ঋণ বিষয়ে বিনামূল্যে, গোপনীয় ও পক্ষপাতহীন পরামর্শ দেবে। আপনার স্থানীয় ফোনবুকে আপনার নিকটস্থ ব্যুরোর বিস্তারিত পাবেন অথবা www.citizensadvice.org.uk এই ওয়েবসাইট ভিজিট করুন।
- **ন্যাশনাল ডেটলাইন** - ঋণ সমস্যায় আছেন এমন লোকদের জন্য ফ্রি হেল্পলাইন। টেলিফোন করুন 0808 808 4000, নাম্বারে অথবা www.nationaldebtline.co.uk ওয়েবসাইট ভিজিট করুন।

- **এ্যাডভাইস ইউকে** - পরামর্শ প্রদানের জন্য একটা বড় সংস্থা। এ্যাডভাইস ইউকে এর সাথে যোগাযোগ করে নিরপেক্ষ এজেন্সীর সাথে আপনি যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়ঃ Advice UK, 12th Floor, New London Bridge house, 25 London Bridge Street, London SE1 9ST টেলিফোনঃ 020 7407 4070 (জাতীয়) বা 020 7407 6611 (লন্ডন) অথবা www.adviceuk.org.uk ওয়েবসাইট ভিজিট করুন।
- **কনজিউমার ক্রেডিট কাউন্সেলিং সার্ভিস** - দেউলিয়াত্ব পরিহার করে ও অর্থ লেনদেনের বিষয় শিখিয়ে ঋণ বিষয় সমাধনে বিনামূল্যে গোপনীয় বাস্তবসম্মত সমাধান প্রদান করে। টেলিফোনঃ 0800 138 1111 অথবা visit www.cccs.co.uk ওয়েবসাইট ভিজিট করুন।

আমি আরও পরামর্শ কোথায় পেতে পারি?

আপনি যদি আরও পরামর্শ বা সহায়তা চান তাহলে আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন। অথবা এই লিফলেটে ইতিমধ্যে উল্লেখ করা যে কোন সংস্থার সাথে আপনি যোগাযোগ করতে পারেন। বিস্তারিত আপনার লোকাল ফোনবুকে দেয়া আছে।

অন্যান্য ফরমাট (পদ্ধতি) সমূহ

এই বুকলেটের তথ্যগুলো আপনি লার্জ প্রিন্ট, ব্রেইল, অডিও মাধ্যমে এবং অন্যান্য ভাষায় পেতে পারেন। তারো তথ্য জানার জন্য আমাদের ওয়েব সাইট www.benefit-leaflets.org দেখুন।